তোমাদের মধ্যে সেই ব্যক্তিই সর্বোত্তম যে নৈতিকতায় সর্বোত্তম।”

আব্দুল্লাহ ইবনু ‘আমর রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম অশ্লীল ছিলেন না এবং অশালীনতা কে প্রশ্রয়ও দিতেন
না। তিনি বলতেন: “তোমাদের মধ্যে সেই ব্যক্তিই সর্বোত্তম যে নৈতিকতায় সর্বোত্তম।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কখনোই অশ্লীলভাষী বা অশ্লীল কর্ম সম্পাদনকারী ছিলেন না। তিনি কখনোই অশালীন কাজ করা ও কথা বলার ইচ্ছাও করতেন না। তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সর্বদা মহা চরিত্রের অধিকারী ছিলেন। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলতেন, তোমাদের মধ্যে সেই ব্যক্তিই সর্বোত্তম যে চরিত্রের দিক দিয়ে সবোর্ত্তম। সে জনকল্যাণে কাজ করে, হাস্যোজ্জ্বল চেহারা প্রদর্শন করে, অন্যকে কষ্টদায়ক জিনিস থেকে বিরত থাকে, কষ্ট সহ্য করে এবং মানুষের সাথে সুন্দরভাবে মিশে ইত্যাদি।

http://sunnah.global/hadeeth/bn/show/5803